গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-২ শাখা

**সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত "Online Security Clearance" সফটওয়্যারের কার্যক্রম বর্ধিতকরণের নিমিত্ত সংশ্লিষ্ট অংশীজনদের উপস্থিতিতে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | ড. তরুণ কান্তি শিকদার<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ০৩.১১.২০২১ |
| সভার সময় | বিকাল ০৩.০০টা |
| স্থান | Zoom Online Platform |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সভাপতি প্রশাসন-২ শাখার উপসচিবকে অনুরোধ করেন। প্রশাসন-২ শাখার উপসচিব নিম্নরূপভাবে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

**১.০ আলোচ্য সূচি-১: সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক পরিচালিত "Online Security Clearance" সফটওয়্যারের কার্যক্রম বর্ধিতকরণের নিমিত্ত সংশ্লিষ্ট অংশীজনদের মতামত গ্রহণ।**

**১.১ আলোচনা:** সভায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দ অবহিত করেন যে, ২০১৫ সালে অবিভক্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ কর্তৃক বিজনেস অটোমেশন নামক সফটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠান হতে Online Security Clearance সফটওয়্যার তৈরি করা হয়। বর্ণিত সফটওয়্যার শুধুমাত্র Bangladesh Investment Development Authority (BIDA) এর মাধ্যমে বাংলাদেশে বিভিন্ন প্রকল্প/প্রতিষ্ঠানে বিদেশী কর্মীদের Work Permit প্রদানের জন্য নিরাপত্তা ছাড়পত্রের আবেদন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে গ্রহীত হয় এবং সফটওয়্যারটির মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে এসবি/এনএসআই এ প্রয়োজনীয় প্রতিবেদনের জন্য তথ্য প্রেরণ এবং এসবি/এনএসআই কর্তৃক কার্যাদি সম্পন্ন হওয়ার পর প্রয়োজনীয় প্রতিবেদন পাওয়া যায়। বিদ্যমান সফটওয়্যারে বিডা ব্যতীত অন্য কোন স্টোক হোল্ডার কর্তৃক Work Permit প্রদানের জন্য Security Clearance এর আবেদন সুরক্ষা সেবা বিভাগ প্রেরণ করার সুযোগ নেই। এছাড়াও Security Clearance প্রদানের পর বিডা কর্তৃক Work Permit এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক ভিসা প্রদানের (ভিসার ক্যাটগরি ও মেয়াদ) বিস্তারিত তথ্য সংরক্ষণের ব্যবস্থা নেই। এছাড়া যে সমস্ত বিদেশী কর্মী Work Permit এবং ভিসা প্রাপ্ত হন তারা বাংলাদেশ সরকারকে বিধি মোতাবেক ভ্যাট, টেক্স প্রদান করেন কিনা তারও পরিসংখ্যান পাওয়া যায় না। এছাড়াও বর্তমানে সুরক্ষা সেবা বিভাগে কর্তৃক নাগরিকত্ব যাচাই, চাকরির প্রাক্ পরিচিতি যাচাই, বিভিন্ন ধরনের নাগরিকত্ব সনদ প্রদানসহ ২৪টি নাগরিক সেবার মধ্যে ১৮টি নাগরিক সেবা প্রদানে এসবি/এনএসআই এর প্রতিবেদনের প্রয়োজন হয়। সুরক্ষা সেবা বিভাগের ১৮টি নাগরিক সেবা এবং বিডা ব্যতিত অন্যান্য সকল স্টেক হোল্ডারগণের জন্য প্রয়োজনীয় সেবা প্রদানে এসবি/এনএসআই প্রতিবেদন প্রাপ্তির কার্যক্রম বিদ্যমান সফটওয়্যারে অর্ন্তভুক্ত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

বিশ্লেষণ অটোমেশন কর্তৃক বর্ণিত সফটওয়্যারটি কার্যক্রম বর্ধিতকরণের উপর একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা হয়। পুলিশের বিশেষ শাখার প্রতিনিধি Work Permit প্রদানের পর ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক ভিসা প্রদানের সময় সব ধরণের ভিসা প্রস্তাবিত সফটওয়্যারে অন্তর্ভুক্ত রাখার জন্য মতামত দেন। জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক ভিসা নবায়নের সময় যেন জাতীয় রাজস্ব বোর্ড হতে সঠিকভাবে ট্যাক্স দেয়া হয়েছে কিনা তার তথ্য নেয়ার এবং Work Permit প্রাপ্ত কোন বিদেশী কর্মী যখন নিজ দেশে ফেরত যাবে তখন ইমিগ্রেশন পুলিশ যেন ট্যাক্স সঠিকভাবে পরিশোধ হয়েছে কিনা তা যাচাই করার সুবিধা প্রস্তাবিত সফটওয়্যারে রাখার সুপারিশ করেন। সভায় উপস্থিত বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি Work Permit প্রাপ্ত কোন বিদেশী কর্মী সঠিকভাবে রেমিটেন্স পাঠিয়েছেন কিনা তা যাচাই করার ব্যবস্থা প্রস্তাবিত সফটওয়্যারে রাখার ব্যাপারে মতামত দেন। সুরক্ষা সেবা বিভাগের যুগ্মসচিব (বহিরাগমস-১ শাখা) বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে যে সমস্ত কার্যক্রমে এসবি/এনএসআই এর প্রতিবেদনের প্রয়োজনীয় হয়, সে সকল কার্যক্রম/সেবা প্রস্তাবিত সফটওয়্যারে রাখার ব্যাপারে সুপারিশ করেন। ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর প্রতিনিধি প্রস্তাবিত সফটওয়্যারটির কার্যক্রম সম্পন্ন হলে যথাযথ প্রশিক্ষণের আয়োজন ও ন্যূনতম ০১ (এক) বছরের জন্য রক্ষণাবেক্ষণ চুক্তির জন্য মতামত প্রদান করেন। এছাড়াও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ কর্তৃপক্ষ (বেপজা), বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রতিনিধি দ্রুততম সময়ের মধ্যে প্রস্তাবিত সফটওয়্যারটির উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য সুপারিশ করেন।

১.২ **সিদ্ধান্ত:**

ক) প্রস্তাবিত সফটওয়্যারটির উন্নয়ন কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সুরক্ষা সেবা বিভাগের প্রশাসন-২ শাখা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

খ) প্রস্তাবিত সফটওয়্যারটির কার্যক্রম সম্পন্ন হলে যথাযথ প্রশিক্ষণের আয়োজন ও ন্যূনতম ০১ (এক) বছরের জন্য রক্ষণাবেক্ষণ চুক্তির ব্যবস্থা করা।

গ) সভায় উপস্থিত সদস্যবৃন্দ অদ্য সভায় আলোচনার বাহিরে আরোও অধিকতর মতামত থাকলে তা admin2@ssd.gov.bd cp@ssd.gov.bd ই-মেইলে আগামী ১১ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে প্রেরণ করার অনুরোধ করা হলো।

ঘ) সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরবর্তীতে প্রস্তাবিত সফটওয়্যারটির কার্যক্রমে ফোকাল পয়েন্ট হিসাবে কাজ করবে।

ঙ) ই-মেইল যোগে উপর্স্থিত সকল সদস্যকে প্রস্তাবের খসড়া প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ড. তরুণ কান্তি শিকদার)
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৩.৪১.০০১.১৭. ৬৮৫

তারিখ: ২৩ কার্তিক ১৪২৮
০৮ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা [দৃ: আ: জনাব জয়ন্ত কুন্ড ভৌমিক, সিনিয়র সিস্টেম এনালিস্ট]
২) চেয়্যারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা [কাজী মোহাম্মদ জিয়াউল হক, সিনিয়র সিস্টেম এনালিস্ট]
৩) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), প্লট: ই-৬/বি, আগারগাঁও, ঢাকা [জনাব ফয়জুর রহমান, সহকারী পরিচালক]
৪) সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৫) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬) অনুবিভাগ প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৭) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা ও গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা [জনাব মোস্তাক আহমেদ, উপ-পরিচালক]
৮) মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা [জনাব মো: নজরুল ইসলাম ভূঁইয়া, সিস্টেম এনালিস্ট]
৯) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, বিশেষ শাখা, মালিবাগ, ঢাকা [জনাব মো: শহীদুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার]
১০) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ কর্তৃপক্ষ (বেপজা), বেপজা কমপ্লেক্স, বাড়ি নং-১৯ডি, রোড নং-০৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫ [জনাব মোসাম্মদ মাশুরা খাতুন]
১১) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), প্রধানমন্ত্রীর কার্যালয়, মোনেম বিজনেস ডিস্ট্রিক (লেভেল-১২), ১১১, বীর উত্তম সি.আর.দত্ত রোড, কাওরান বাজার, ঢাকা-১২০৫ [জনাব মোস্তাফিজুর রহমান, পি এম ডি]
১২) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার (১০ম তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা-১২০৭ [জনাব মোছা: মাকছুদা শিল্পী, উপসচিব]
১৩) যুগ্মসচিব (বহিরাগমন-১ ও ২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
১৪) উপসচিব/সিনি: সহ: সচিব (প্রশাসন-১ ও ৩, বহিরাগমন-১, ২, ৩, ৪, ৫ ও ৬, নিরাপত্তা-২, ৩ ও ৪ শাখা), সুরক্ষা সেবা বিভাগ
১৫) উপসচিব (প্রশাসন-২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
১৬) প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
১৭) জনাব মো: শোয়েব আহমেদ (০১৭১১৫২৫৭১১) পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, বিডিবিএল ভাবন, ৯ম তলা, ১২ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

৮.১১.২০২১

(মোঃ আবদুল কাদির)
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)